



ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২
পানালিয়া, নবাবগঞ্জ, ঢাকা-১৩২০

ফোনঃ ৭৭৬৫২৪২ (অফিস)

৭৭৬৫২৪৪ (ফ্যাক্স)

ওয়েবসাইট : www.dhakapbs2.org.bd

ই-মেইল : dhakapbs2@gmail.com

info@dhakapbs2.org.bd

ISO 9001:2015 CERTIFIED

স্মারক নং-২৭.১২.২৬৬২.৫১৭.০১.০০৩.২০১৮ ৪৮২

তারিখ:-

০৫ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ।

১৭ ফেব্রুয়ারী ২০১৮ খ্রিঃ

“নিয়োগ বিজ্ঞপ্তি”

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক নিম্নোক্ত পদে চুক্তিভিত্তিতে লোকবল নিয়োগের নিমিত্ত আগ্রহী প্রাক্তন মিটার রিডার (চুঃ ভিঃ) ও ম্যাসেঞ্জার (চুঃ ভিঃ) গণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে অত্র পবিসের ওয়েব সাইটে (www.dhakapbs2.org.bd) প্রদত্ত নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	প্রার্থীর যোগ্যতা
০১।	মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)	পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪৭০০.০০ হতে ২৬৪৮০.০০ টাকা সহ অন্যান্য ভাতাদি।	যে সকল মিটার রিডার/ম্যাসেঞ্জার চুক্তিভিত্তিক পদে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে ইতিপূর্বে ধারাবাহিক ভাবে ০৩ (তিন) বৎসর, ০৬ (ছয়) বৎসর এবং ০৯ (নয়) বৎসর সন্তোষজনক ভাবে কর্মসম্পাদন করেছেন, তারা সংশ্লিষ্ট পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারের প্রত্যয়ন পত্র সহ আবেদন করতে পারবেন। চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম ম্যাসেঞ্জারগণ তাদের চুক্তির মেয়াদ সন্তোষজনক ভাবে শেষ না হওয়া পর্যন্ত তারা নিয়োগের জন্য উপযুক্ত হিসাবে বিবেচিত হবেন না। সর্বশেষ চুক্তির মেয়াদ শেষ হওয়ার পূর্ববর্তী ০৩ (তিন) মাসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবেন। প্রার্থীর নিজস্ব বাইসাইকেল থাকতে হবে এবং বাইসাইকেল চালনায় পারদর্শি হতে হবে। আবেদন গ্রহণের সর্বশেষ তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৫২ বছরের মধ্যে হতে হবে।

শর্তাবলী:

- ০১। ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ ওয়েব সাইটে (www.dhakapbs2.org.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরন করে আগামী ১১/০৩/২০১৮ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় এর মধ্যে সিনিয়র জেনারেল ম্যানেজার, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২, পানালিয়া, নবাবগঞ্জ, ঢাকা এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরন করতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন পত্র গ্রহণযোগ্য হবে না।
- ০২। প্রার্থী কর্তৃক আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি ও সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন ফরমের সত্যায়িত ফটোকপি, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনারের নিকট হতে জাতীয়তার সনদপত্র সহ খামের উপর পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করে আবেদনপত্র বর্ণিত সময়ের মধ্যে ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২, পানালিয়া, নবাবগঞ্জ, ঢাকা পৌঁছাতে হবে। উল্লেখ্য যে, দাখিলকৃত সকল সনদ পত্রের ফটোকপি ও ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক নাম ও পদবী সম্বলিত সীল সহ সত্যায়িত থাকতে হবে।
- ০৩। নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বৎসর মেয়াদে চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। প্রতি বৎসর শেষে একটি নির্দিষ্ট ফরমে বার্ষিক কর্মমূল্যায়ন করা হবে। যাদের চুক্তিকালীন সময়ের কর্মমূল্যায়ন সন্তোষজনক হবে, তাদের সাথে ০৩ (তিন) বৎসরের চুক্তির মেয়াদ শেষে ০২/০১ দিনের বিরতি দিয়ে পুনরায় ০৩ (তিন) বৎসরের চুক্তি সম্পাদন করা যেতে পারে। এভাবে সর্বোচ্চ তিন মেয়াদের জন্য ০৯ বছর (০৩+০৩+০৩) পর্যন্ত অত্র পবিস এ চাকুরী করার সুযোগ পাবেন ও কর্মকালীন সময়ের মধ্যে প্রার্থীর বয়স ৫৫ (পঞ্চাশ) বৎসর পূর্ণ হলে চুক্তির পরিসমাপ্তি হবে।

